

একাদশ শ্রেণীতে ভর্তি নিয়ে শিক্ষামন্ত্রীর দুঃখ প্রকাশ

। টি২০-তে ছক্সা য়ারার চেষ্টা করেছি : সচিব

■ সমকাল প্রতিবেদক

চলতি বছর একাদশ শ্রেণীর ভর্তিচ্ছ শিক্ষার্থী আর অভিভাবকদের ভোগান্তি ও জটিলতার বিষয়টি স্বীকার করে নিয়ে দুঃখ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান। গত ২৮ জুন ভর্তির ত্রুটিপূর্ণ প্রথম মেধাতালিকা প্রকাশের পর সারাদেশে কলেজগুলোতে ভর্তি নিয়ে নৈরাজ্যের পরিহিতি সৃষ্টি হওয়ার সপ্তম দিনে শিক্ষামন্ত্রী ও সচিব রোববার সকালে গণমাধ্যমের মুখোমুখি হন। মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে নুরুল ইসলাম নাহিদ বলেন, অভিভাবক আর ভর্তিচ্ছদের ভোগান্তি ও কষ্ট লাঘব করতে গিয়েই 'স্মার্ট অ্যান্ডমিশন সিস্টেম' চালু করা হয়েছিল। তবে এত শিক্ষার্থী একসঙ্গে ভর্তির এই ব্যাপকতার তুলনায় প্রস্তুতি ও কারিগরি সীমাবদ্ধতা ছিল। একে 'উন্নয়নের বেদনা' বলা যেতে পারে। অন্যদিকে, শিক্ষা সচিব নজরুল ইসলাম খান বলেছেন, তিনি মন্ত্রণালয়ে টি২০ খেলছেন। এখন আছেন শেষ ওভারে। এতে ছক্সাও হতে পারে, আউটও হতে পারেন। ব্রিফিংয়ে শিক্ষামন্ত্রী পৃষ্ঠা ১৩ : কলাম ৪

একাদশ শ্রেণীতে ভর্তি নিয়ে

[প্রথম পৃষ্ঠার পর]
বপেন, বড় একটি কাজের যে ভুলক্রটি হয়, তা খুবই ছোট। এবারের ভুল থেকে শিক্ষা নিয়ে আগামীতে সম্পূর্ণ ত্রুটিমুক্ত ভর্তি সম্পন্ন করা হবে। মন্ত্রী বলেন, এখনও যারা ভর্তি হতে পারেনি, তারা কোনো প্রকার বিলম্ব ফি ছাড়াই আগামী ২১ দিন পর্যন্ত কলেজে ভর্তি হতে পারবে। চারটি পর্যায়ে এই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। ভর্তি জটিলতার জন্য কোনো শিক্ষার্থী ক্ষতিগ্রস্ত হবে না। শিক্ষামন্ত্রী বলেন, 'অনলাইনে ভর্তির বিষয়টি বড় ও ব্যাপক। প্রযুক্তিগত ক্ষমতা ও সীমাবদ্ধ দক্ষতার কারণে কিছু ত্রুটি হয়েছে। যেসব শিক্ষার্থী, অভিভাবক ও দেশবাসী সমস্যায় পড়েছেন, তাদের কাছে দুঃখ প্রকাশ করছি।' তবে মন্ত্রী বলেন, 'সীমাবদ্ধতা থাকলেও কোনো না কোনো সময় এ পদ্ধতিতে যেতে হবে।'

ভর্তি প্রক্রিয়ায় যে ত্রুটি, তার দায় নেবেন কিনা- এমন প্রশ্নের

জবাবে নুরুল ইসলাম নাহিদ বলেন, 'এবারে যে ভর্তি প্রক্রিয়া, তা মন্ত্রণালয়ের সবার সম্মিলিত সিদ্ধান্ত। সুতরাং এর দায় নেব না কেন!' শিক্ষা সচিবের সঙ্গে দ্বন্দ্ব রয়েছে কি-না এ মর্মে এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'কারও সঙ্গে কোনো মনোমালিন্য নেই। তবে দ্বিমত থাকতে পারে।'

শিক্ষা সচিবের টি-টোয়েন্টি 'অভিযোগ আছে, শিক্ষামন্ত্রীর সিদ্ধান্তকে পাশ কাটিয়ে শিক্ষা সচিব এ বছর একাই নতুন ভর্তি পদ্ধতি চালু করে জটিলতা সৃষ্টি করেছেন, ভোগান্তিতে ফেলেছেন শিক্ষার্থীদের। প্রেস ব্রিফিংয়ে একজন সাংবাদিক সচিবের উদ্দেশে প্রশ্ন রাখেন, 'আপনি এ মন্ত্রণালয়ে টি-টোয়েন্টি খেলছেন কি-না?' জবাবে সচিব নজরুল ইসলাম খান বলেন, 'আমি মন্ত্রীর নেতৃত্বে ডেফিনেটলি টি-টোয়েন্টি খেলছি। শুধু টি-টোয়েন্টি নয়, টি-টোয়েন্টির লাস্ট ওভার খেলছি।' টি-টোয়েন্টির লাস্টের দিকে (ব্যাটসম্যান) প্রায়ই

কমাতারের সঙ্গে পরামর্শ করে। পরামর্শ করে, টিম স্পিরিট নিয়ে ডেফিনেটলি কাজ করছি। তবে ছক্সা য়ারার চেষ্টা করছি। ছক্সা য়ারতে গেলে অনেক সময় জিরোতেও আউট হয়। আবার রানআউটও হয়। সেটাও হয়তো হতে পারি।'

চার ধাপে ভর্তি হবে: চার ধাপে এবার একাদশ শ্রেণীতে ভর্তি হবে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, 'গত ২৮ জুন প্রথম ভর্তির তালিকা প্রকাশ করা হয়েছে। তাদের ভর্তির সময় ছিল ২৯ জুন থেকে ২ জুলাই পর্যন্ত। দ্বিতীয় পর্যায়ে যারা পছন্দমতো প্রতিষ্ঠানে ভর্তি হতে পারেনি বা হলেও প্রতিষ্ঠান পরিবর্তন করতে চায়, এমন ধরনের শিক্ষার্থী ৬ জুলাই পর্যন্ত আবেদন করতে পারবে। তারা ৭ ও ৮ জুলাই ভর্তি হতে পারবে। আর যেসব শিক্ষার্থী

প্রথম ও দ্বিতীয় মেধাতালিকায় নির্বাচিত হয়েও কোনো প্রতিষ্ঠানে ভর্তি হয়নি বা নির্বাচিতই হয়নি, তারা তৃতীয় ধাপে কোনো বিলম্ব ফি ছাড়াই পাঁচটি প্রতিষ্ঠানে শূন্য আসনের বিপরীতে আবেদন করতে পারবে। ৯ ও ১০ জুলাই তারা আবেদন করতে পারবে। তালিকা প্রকাশ করা হবে ১১ জুলাই। এই শিক্ষার্থীরা ১২ জুলাই ভর্তি হবে। নুরুল ইসলাম নাহিদ আরও বলেন, 'যারা ভর্তির জন্য আবেদন করেনি কিংবা সুযোগ পেয়ে ভর্তি হয়নি, কোনো ফি ছাড়া তারা ১৩ থেকে ২১ জুলাইয়ের মধ্যে আবেদন করতে পারবে। আবেদনগুলো বিবেচনা করে ২৩ জুলাই তালিকা প্রকাশ করা হবে। নির্বাচিত শিক্ষার্থীরা ২৫ ও ২৬ জুলাই ভর্তি হতে পারবে।'